

কৃষি বিশ্ববিদ্যালয় বিশেষজ্ঞ দলের চীন সফর

ইউনেস্কো-বেইজিং-এর আমন্ত্রণক্রমে সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের তিন সদস্য বিশিষ্ট বিশেষজ্ঞ দল চীনের হেবেই কৃষি বিশ্ববিদ্যালয় সহ একাধিক কৃষি উৎপাদন এলাকা সরঞ্জামে পরিদর্শন করেন। সপ্তাহব্যাপী সফর কর্মসূচিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগের প্রফেসর ডঃ আবদুল হালিমের নেতৃত্বে কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ডাঃ মোঃ সুলতান উদ্দিন ডুইঞা ও কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগের সহযোগী প্রফেসর মোঃ আবদুল মোমেন মিয়া অংশগ্রহণ করেন। সফর শেষে বিশেষজ্ঞ চীন গত শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ হোসেনের সঙ্গে এক বৈঠকে মিলিত হওয়া সফরের অভিজ্ঞতার বিষয়ে আলোচনা করেন।

—প্রেস বিজ্ঞপ্তি